

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং- শিম/শাঃ ১৯/৩ বুয়েট-৭/৯০(অংশ-২)/১৬

তারিখ: ০৩ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যাম্পেলর-এঁর অনুমোদনক্রমে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাম্পেলর অধ্যাপক ড. সাইফুল ইসলামকে স্পেনের বার্সেলোনায় অনুষ্ঠেয় “Cisco Live 2019” কনফারেন্সে অংশগ্রহণের জন্য আগামী ২৭ জানুয়ারি-০২ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ নিম্নোক্ত শর্তে স্পেন ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

১. প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয় আয়োজক প্রতিষ্ঠান Cisco বহন করবে এবং এ বাবদ বাংলাদেশ সরকার বা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
২. তিনি বাংলাদেশি মুদ্রায় বেতন-ভাতা গ্রহণ করবেন;
৩. ভ্রমণশেষে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং ভ্রমণের উপর একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
৪. তাঁর অনুপস্থিতিতে একই বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো: রফিক উল্লাহ নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস চ্যাম্পেলরের দৈনন্দিন দায়িত্ব পালন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(সৈয়দ আলী রেজা)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৫০৩২

ই-মেইল: ds_stp@moedu.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. অধ্যাপক ড. মো: রফিক উল্লাহ, ডিন, প্রকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১১. উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।